

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
প্রশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

নম্বর ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০.৩৫১

তারিখ: ২৭ চৈত্র ১৪২৬

১০ এপ্রিল ২০২০

### বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে গত ১৮ মার্চ, ২০২০ তারিখ হতে ৩১ মার্চ, ২০২০ তারিখ পর্যন্ত সকল ধরনের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে গত ০৯.০৪.২০২০ তারিখ পর্যন্ত সকল ধরনের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও কোচিং সেন্টার বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। তারই ধারাবাহিকতায় আগামী ২৫.০৪.২০২০ (শুক্র ও শনিবার সাপ্তাহিত ছুটিসহ) তারিখ পর্যন্ত সকল ধরনের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও কোচিং সেন্টার বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে সকল শিক্ষার্থী নিজ নিজ বাসস্থানে অবস্থান করবে।



১০-৪-২০২০

মীর জাহিদ হাসান

উপ সচিব

ফোন: ০২-৪১০৫০১৩০

ফ্যাক্স: ৯৫৮৪৪৬৬

ইমেইল: [dstmed17@gmail.com](mailto:dstmed17@gmail.com)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা (তঁার অধিক্ষেত্রাধীন সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০ (তঁার অধিক্ষেত্রাধীন সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (তঁার অধিক্ষেত্রাধীন সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা (তঁার অধিক্ষেত্রাধীন সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) -এঁর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) অফিস কপি।